

## মাঠ পর্যায়ের কার্যক্রম এর ই-মনিটরিং এর রিপোর্ট

ই-মনিটরিং এর তারিখঃ ২৬-১০-২০২২ খ্রি:

ই-মনিটরিং এ অংশগ্রহণকারী কর্মকর্তার নাম ও পদবীঃ জনাব সায়রা পারভীন, উপপরিচালক, জামস  
জনাব রবিউল ইসলাম আশরাফি, নির্বাহী অফিসার, পাবনা  
জনাব মো: শরিফুল ইসলাম, মাঠ সমন্বয়কারী, পাবনা  
জনাব মো: ওমর ফারুক, স্টাফ মুদ্রাক্ষরিক, পাবনা  
জনাব মো: গুলজার হোসেন, অফিস সহায়ক, পাবনা

ই-মনিটরিং এ অংশগ্রহণকৃত অফিস<sup>১</sup>/প্রকল্প/কর্মসূচি/কার্যক্রমঃ জাতীয় মহিলা সংস্থা, পাবনা জেলা কার্যালয়।

ই-মনিটরিং এ অংশগ্রহণকৃত অফিস<sup>১</sup>/প্রকল্প/কর্মসূচি/কার্যক্রম

এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবী:


জনাব রবিউল ইসলাম আশরাফি, নির্বাহী অফিসার

ই-মনিটরিং এ পরিদর্শনকৃত/পরিদর্শিত বিষয়সমূহঃ

১. অদ্য বেলা ১১.০০ ঘটিকায় ই-মনিটরিং এর মাধ্যমে পাবনা জেলা কার্যালয় পরিদর্শন করি।
২. পরিদর্শনকালে জেলা নির্বাহী অফিসারসহ সকল কর্মকর্তা/কর্মচারী উপস্থিত ছিলেন।
৩. পরিদর্শনকালে ১৩ জন প্রশিক্ষার্থী উপস্থিত ছিলেন, ২ জন অনুপস্থিত ছিলেন। উক্ত কার্যালয়ে মোট ৪টি সেলাই মেশিন দেখা গেছে। এমব্রয়ডারী মেশিন ১টি। ৪টি সেলাই মেশিন এর মধ্যে ২টি নষ্ট। কিন্তু কার্যালয়ে মোট দশটি সেলাই মেশিন থাকার কথা। সেলাই মেশিন মেরামতের কথা বললে নির্বাহী অফিসার জানান, মেরামত ও খুচরা যন্ত্রাংশ খাতে প্রতি ৩ মাসে ৪,৫০০/- টাকা বরাদ্দ পাওয়া যায়। তবে খুব শীঘ্রই মেশিন ঠিক করা হবে।
৪. প্রশিক্ষার্থীদের সাথে কথা বলে জানা যায়, সুষ্ঠুভাবে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হচ্ছে।
৫. নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রম চালু রয়েছে। জেলা নির্বাহী অফিসার জানান, সকাল ও বিকাল ২ শিফটে ৩০ জন প্রশিক্ষার্থী প্রশিক্ষণ নিয়ে থাকেন।
৬. পাবনা জেলার নির্বাহী কর্মকর্তা মৌখিকভাবে ক্ষুদ্রঋণ সম্পর্কে নিয়ন্ত্রণ তথ্য প্রদান করেন। পাবনা জেলায় ২০০৩ সাল হতে ক্ষুদ্রঋণ কার্যক্রম চালু আছে। ২০০৩ সাল হতে বর্তমান পর্যন্ত ঘূর্ণায়মানভাবে ১,৩৪,০০,০০০/- টাকা বিতরণ করা হয়েছে। অনাদায়ী ৮,৬২,০৫০/- টাকা। খেলাপী ৪,৪৮,৪৭৬/- টাকা। আদায়ের হার ৬৫%। এই মুহুর্তে তাদের ব্যাংকে স্থিতি রয়েছে ৩১,৫১,০০০/- টাকা। ২০২১-২০২২ অর্থ বছরের ক্ষুদ্রঋণের অর্থ ০৭/০৯/২০২২ তারিখে ব্যাংক গিয়েছে। কিন্তু তাদের কাছে কোন দাপ্তরিক পত্র না যাওয়ায় তারা ঋণ বিতরণ করতে পারছে না।
৭. পাবনা অফিসটি একটি ভাড়া ভবনে অবস্থিত। অফিসটিতে ৫টি কক্ষ রয়েছে। ভ্যাট বাদে ভাড়া ১৫,০০০/- (পনের হাজার) টাকা। পাবনা জেলায় <sup>জাতীয় মহিলা সংস্থা</sup> কোন জায়গা এবং ভবন নেই।
- ৮। এখানে প্রতি তিন মাসে একবার করে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

সুপারিশ/মন্তব্যঃ

প্রশিক্ষণ কার্যক্রম নিয়মিত মনিটরিং করার বিষয়ে সচেতন থাকার জন্য বলা হ'ল।

  
(সায়রা পারভীন)  
উপপরিচালক (প্রকল্প)  
জাতীয় মহিলা সংস্থা।